

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১০, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ

পৌর-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৭শে জ্যৈষ্ঠ ১৪১১/১০ই জুন ২০০৮

এস, আর, ও নং ১৯১-আইন/২০০৮।— যেহেতু, সরকার ব্রাহ্মণবাড়ীয়া জেলার নবীনগর থানার নবীনগর মিউনিসিপ্যালিটি হইতে নিম্ন তফসিলে উল্লিখিত শহর এলাকাসমূহকে কর্তন (Curtail) করিয়া উক্ত মিউনিসিপ্যালিটির সীমানা সংকুচিত করিবার প্রস্তাব করিয়াছিল ;

এবং যেহেতু, সরকার Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর অধীনে প্রস্তাবিত সংকোচনের ব্যাপারে পরামর্শ এবং আপত্তি আহবান করিয়া পাবলিক নোটিশ জারী করিবার জন্য ডেপুটি কমিশনার ব্রাহ্মণবাড়ীয়ায় নির্দেশ প্রদান করিয়াছিল এবং তদনুযায়ী ডেপুটি কমিশনার উক্ত Rules মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত মিউনিসিপ্যালিটির সীমানা সংকুচিত করিবার জন্য প্রতিবেদন দাখিল করিয়াছেন ;

এবং যেহেতু, ডেপুটি কমিশনারের উক্ত প্রতিবেদন বিবেচনা করিয়া, সরকার উক্ত Rules এর rule 4(2) এর অধীন নিম্ন তফসিলভুক্ত শহর এলাকাসমূহকে নবীনগর মিউনিসিপ্যালিটি হইতে এলাকা কর্তন করিয়া উহাকে সংকোচন করিবার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

(৩৪৬৫)

মূল্য : টাকা ১.০০

সেহেতু, Paurashava Ordinance, 1977 (No. XXVI of 1977) এর section 4(b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উপরিউক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার অত্র বিভাগের ২৪শে ভাদ্র, ১৪০৬ বাংলা মোতাবেক ৮ই সেপ্টেম্বর, ১৯৯৯ ইংরেজী তারিখের জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও, নং ২৬৫-আইন/৯৯ এর তফসিল হইতে নিম্ন তফসিলভুক্ত এলাকাসমূহ কর্তনপূর্বক আগামী ১লা আষাঢ়, ১৪১১ বাংলা মোতাবেক ১৫ই জুন, ২০০৪ ইংরেজী তারিখ হইতে নবীনগর মিউনিসিপ্যালিটির সীমানা সংকুচিত করিল, যথাঃ—

### তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মোজার নাম	জে, এল, নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	ইব্রাহীমপুর	ভোলাচং	১০২	১—১৫৬১
(২)	ইব্রাহীমপুর	উত্তর ভেলানগর	১০৩	১—৮৫২
(৩)	ইব্রাহীমপুর	ইব্রাহীমপুর	১০৪	১—১২৫০

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হাবিবুর রহমান খান  
সিনিয়র সহকারী সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।